
জানাডুতে এক সকালে..
ম্যানড্রেক, কোনো একজন তোমার খোঁজ করছিল। কে হতে পারে বলো তো?
যে রিফকে মনে আছে তোমার?
রিফ এয়ার সংস্থার তো!
হ্যাঁ। সে আজ শহরে লাঞ্চে ডেকেছে আমাদের দু'জনকে। কেন ডেকেছে জানি না।
?
শুরু: অজ্ঞাত দ্বীপ
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


তোমারা এসে গিয়েছ। কী সৌভাগ্য আমার!
কেন ডেকেছ, ফোনে কিছু বললে না তো?
1-8
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
ইচ্ছে করেই বলিনি।
কথাটা যদি কোনও ভাবে ফাঁস হয়ে যায়। তাই।
!
!



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


বিশ্ব সফর শেষ করতে পারেননি মা। মায়ের সেই অসম্পূর্ণ ব্রত আমি সমাপন করতে চাই তাঁর সন্তান হিসাবে।
দুর্দান্ত পরিকল্পনা যে।
1-10
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
অসুবিধা শুধু একটাই। নেভিগেটরের কাজটা পারলেও বিমান চালাতে জানি না আমি।
নার্দা, সে কাজটা তুমি করবে?
!


অর্থাৎ তুমি নেভিগেটরের দায়িত্বে আর আমি চালাব বিমান।
ঠিক তাই। ম্যানড্রেক তোমার কী মত?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
নার্দা দক্ষ পাইলট। তবে সিদ্ধান্তটা ও-ই নিক।
আমি সানন্দে রাজি।



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


প্রশান্ত মহাসাগরে অটো দ্বীপে এক ছোট্ট মানক্ষেত্রে...
২৯ বছর আগে ঠিক এমন বিমানেই পাড়ি দিয়েছিলেন আমাডা রিফ।
এটাকে মেরামত করতে কয়েক কোটি ডলার গেলেও এখন মনে হচ্ছে নতুন বিমান।
তবে কম্পিউটার ও অত্যাধুনিক যন্ত্রাংশের সুবিধাগুলো ছাড়া।
RIFF Air
RIFF Air
1-15
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


সে, ম্যানড্রেক ও নার্দা এল অটো দ্বীপে...
নার্দা, ওই যে আমাদের বিমান 'ইয়েলো বার্ড টু'।
ম্যানড্রেক চলো, পরখ করে দেখি।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
বাঃ! চমৎকার উড়ছে।
এই বিমান ভোগাবে বলে মনে হয় না। সে চায়, কালই রওনা দিই।



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


দীর্ঘ সফর হবে। এমন দীর্ঘ সফরে একা নিজে বেরোনো খুব কমই ঘটেছে জীবনে।
1-18
যখনই বিপদে পড়েছি পাশে দাঁড়িয়েছে ম্যানড্রেক।
এই প্রথম প্রমাণের সুযোগ যে ম্যানড্রেককে ছাড়াও আমি কিছু করতে পারি।
আমি এই চ্যালেঞ্জ নেওয়ার যোগ্য তো?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ঝকঝক করছে আকাশ। সে আর নার্দার যাত্রা শুরুর আদর্শ দিন।
সে তার মায়ের অসমাপ্ত বিশ্ব সফর সম্পূর্ণ করবে এ বার।
ওই যে বিমান আকাশে উঠে পড়েছে। ২৩ হাজার মাইল পাড়ি দিয়ে ওরা নির্বিঘ্নে ফিরে আসুক, এটাই আমাদের কামনা।
1-19
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


২৯ বছর আগে বিমানে বিশ্বসফরে পাড়ি দেওয়া নিখোঁজ মায়ের কর্মসূচি সম্পূর্ণ করতে উদ্যোগী মেয়ে মে রিফ...
বমান চালাচ্ছে অবশ্য নার্দা। ম্যানড্রেক থাকল অপেক্ষায়...
নড়াচড়ার জায়গা কম। তবে স্যান্ডুইচ আর হট চকোলেটের অভাব হবে না।
আর আছে সুনীল আকাশ আর বিশ্বরেকর্ড গড়ার সুযোগও।
1-21
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


নার্দা, ঘড়ি ধরেই এগোচ্ছি আমরা।
হাওয়াটাও পিছনে, সেটাও বাড়তি সুবিধা।
রেডিওতে আমাদের অবস্থানটা জানিয়ে দিই।
ইয়েলো বা...বল... আমরা এখন আ....
রেডিও মেসেজে তোমার কথাটা কেটে কেটে যাচ্ছে। ঘাবড়িও না। একটু পরেই ঠিক হয়ে যাবে। শুভেচ্ছা থাকল।
RIFF air
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেক অটো দ্বীপ থেকে সোজা এখানে। মে-র বিমান এখানেই এসে নামার কথা।
রিফ এয়ার সংস্থা জানাচ্ছে, ওই বিমান ঠিকঠাকই চলছে। তবে এখনও দীর্ঘ পথ বাকি।
ওদিকে আবহাওয়া দফতরে...
ইয়েলো বার্ড টু...মন দিয়ে শোনো...বিমানের গতিপথ বদলে নাও...নইলে বিশাল ঝড়ের মুখে পড়ে যাবে।
নাঃ! উত্তর নেই!
হাল ছেড়ো না। নার্দাকে সতর্ক করতেই হবে।
1-25
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


আচম্বিতে আকাশ কালো মেঘে ঢেকে গিয়ে ঘনিয়ে এল প্রলয়ঙ্কর ঝড়...
বশাল মেঘ। একে কাটিয়ে এগোনো তো অসম্ভব।
নার্দা, বিমানটা উল্টো দিকে ঘুরিয়ে নিলে...
তার সময় নেই, মে। সামনে এসে পড়েছে।
দেখি, কী হয়!
1-28
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


নার্দা কোনওমতে ঝড়কে পিছনে ফেলে এগোল...
বাপ রে! অল্পের জন্য আমরা প্রাণে বেঁচে গেলাম।
1-30
ওই ঝড় থেকে রেহাই পাব ভাবিনি, নার্দা।
কিন্তু ঘড়ঘড় শব্দ। কিছু একটা বিগড়েছে, মে।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


রেডিওটা থেকে না পারছি খবর দিতে, না পেতে।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
উপরে তোলা যাচ্ছে না। ঝটপট কোথাও নামতে হবে। দ্বীপ আছে?
চার্টে কিছু দেখছি না।
!


কাছাকাছি কোনও দ্বীপ এ চার্টে নেই।
কিন্তু সামনে দ্যাখো...
ছোট্ট একটা দ্বীপ।
আরে! চার্টে তো ছিল না এটা!
কপাল-জোরে মিলেছে। বিমানটা নামানো যাক।
2-1
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ঝাঁকুনি লাগবেই। মে, ভাল করে চেপে বসে থাকো।
আরে, ঝাঁকুনি তো লাগল না।
যেন রানওয়েতে নামলাম।
কে যেন বিমান নামানোর ব্যবস্থা করে রেখেছে।
2-2
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


ঝড়ের হাত থেকে বাঁচতে অজানা এক দ্বীপে বিমান নামাল নার্দা, মানচিত্রে যে দ্বীপের উল্লেখ নেই...
বিমানটার মেরামতি দরকার, মে।
রিফ-এয়ার সংস্থার কারিগররা বলেছে, স্ক্রু-ড্রাইভার দিয়েই এর মেরামতি সম্ভব। তুমিও সারাতে পারবে।
2-4
কিন্তু আমি যে স্ক্রু-ড্রাইভার সঙ্গে আনিনি।
চিন্তা কীসের। আমি তো এনেছি। এই দ্যাখো।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


সন্ধ্যা নাগাদ মেরামতির কাজ প্রায় শেষ...
2-5
আঁধার নামছে। বাকি কাজটা কাল সকালে সারব।
নার্দা, এই দ্বীপে আর কেউ থাকতে পারে কি?
থাকলে এতক্ষণে তাদের কাউকে দেখতেই পেতাম। কিন্তু কোথায় কে?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


রাত্রি নামল অজানা নির্জন দ্বীপে...
সে, এই অস্ত্রটা সঙ্গে নিয়ে এসেছি।
যদি লাগে ভেবে।
ওই অস্ত্র বোধহয় ব্যবহার করতে হবে না। হিংস্র জীবজন্তু আছে বলে মনে হচ্ছে না।
এখানে শুধু আমরা দু'জন।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
2-6


নার্দা, সভ্য জগৎ ভাবছে, আমরা হারিয়ে গিয়েছি।
মা যেভাবে হারিয়ে যান ২৯ বছর আগে।
অত ভেবো না। বাকি মেরামতির কাজ সেরে কালই আবার আমরা রওনা দেব। রেডিওটাও ঠিক হয়ে যাবে।
কাল অনেক কাজ। চলো, আজ শুয়ে পড়ি।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ক্লান্ত নার্দা ও সে শীঘ্রই ঘুমিয়ে পড়ল...
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
একজনের পদশব্দ টের পেল না...
2-8


পরদিন সকালে...
নার্দা, উঠে পড়ো।
আরে! এ কী কাণ্ড!
2-9
আমাদের বিমান? কোথায় গেল? কী সর্বনাশ কাণ্ড!
!
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
বিমান কোথায়?


বিমানের খোঁজ নেই
যে রিফ এবং নার্দা যে বিমানে বিশ্বসফরে বেরিয়েছে তার খোঁজ মিলছে না...
বিমানটির সঙ্গে রেডিও যোগাযোগ করা যাচ্ছে না বলে জানিয়েছে 'রিফ এয়ার' সংস্থা। তাঁদের আশা, যান্ত্রিক গোলযোগ মিটলেই নার্দারা যোগাযোগ করবে। তবে...
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
তখন বিশ্বের অন্য প্রান্তে, গভীর অরণ্যে...
মজ, কী হল বলো তো?
বড় চিন্তা হচ্ছে গুরান।
ভবিষ্যৎ-গণনায় আমি দেখছি, নার্দার সামনে গুরুতর বিপদের আভাস।
2-11


প্রশান্ত মহাসাগরের অজানা দ্বীপে সকাল হচ্ছে...
ঘুমের মধ্যে কেউ চুরি করেছে বিমানটা।
কিন্তু ইঞ্জিনের শব্দ শুনতে পেলাম না, বালিতে চাকার দাগও নেই!
রাতারাতি বিমানটা গায়েব হল কী করে?
সে, আমার রিভলভারটাও খোয়া গিয়েছে।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


প্রথমে চুরি গেল বিমান,
তারপর রিভলভারটা...
এরপর কী?
শল্লা! আমি জানতাম,
একদিন তুমি ফিরবেই।
?!
!
2.13
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



ভেবেছিলাম, এ দ্বীপে কেউই নেই। তুমি কে? কোথা থেকে এলে?
শম্মা, আমাকে ভুলে গিয়েছ তুমি?
2-14
হতেও পারে। মাঝে এতগুলো দীর্ঘ বছর।
আমি ব্রাঙ্ক, বিমান সারানোর কারিগর। সে আমলে স্কাইব্যান্ডকে আমিই সচল রাখতাম।
স্কাইব্যান্ড! কী সব কথা বলছে ও।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


আমি শল্লা হব কেন ? আর কারও সঙ্গে গুলিয়ে ফেলছ তুমি।
হাঃ হাঃ একই রকম আছ দেখছি। সাধে কি স্কাইব্যান্ডের নেত্রী ছিলে তুমি ?
2-15
তোমার নির্দেশে এত বছর ধরে এখানে রানওয়েটা চালু রেখে গিয়েছি। এতদিনে তা সার্থক হল।
তুমি ফিরেছ। তার মানে আবার উড়বে স্কাইব্যান্ড।
?
©2008 by King Features Syndicate, Inc.
World rights reserved.


কাল বিমানটা দেখে ভাবলাম, পুলিশ এসেছে দ্বীপে।
রাতে কাছে গিয়ে বুঝলাম, এ তো আমাদের শল্লা।
2-16
আমি শল্লা না হলে কী করবে?
বুঝব চর। সেক্ষেত্রে গুলি করে মারব দুজনকেই।
©2008 by King
সঙ্কট


নির্জন দ্বীপের একাকী বাসিন্দা নার্দাকে অন্য এক নারী বলে ধরে নিয়েছে...
শল্লা না হয়ে তুমি আর কেউ হলে এতক্ষণে খতম করে দিতাম।
কিন্তু আমি বুঝে গিয়েছি তুমিই স্কাইব্যান্ডের নেত্রী শল্লা।
তোমার অস্ত্রটা নাও।
কাল রাতে ওটা সরিয়ে নিয়েছিলাম আমিই। টের পাওনি।
কিন্তু এ কে?
2-18
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


না, মানে আমিও তো অনেক কাল পরে এলাম এখানে। তাই...
2-20
বেশ আমিই বলছি। এই দ্বীপটা স্কাইব্যান্ডের গুপ্ত ঘাঁটি।
বুঝলাম। কিন্তু বিমানটা রেখেছ কোথায়?
সে আমাকে কি বিশ্বাস করতে পারছ না?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


এ দ্বীপে মাটির নিচে একটা গোপন হ্যাঙ্গার আছে। লুকোনো ডালা তুলে সেখানে বিমান ঢুকিয়ে দেওয়া হয়।
ডালাটা নামালে আবার মনে হবে স্রেফ মাঠ।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
কোনও বিমান এখানে ভুল করে নামলে কী হবে?
নামবে কী করে? এ দ্বীপ কোনও চার্টেই দেখানো নেই। কেউ জানেই না এর অস্তিত্ব।
?
2-21


শল্লা, কাল রাতে বিমানটা ঝেড়েপুঁছে রেখেছি।
তোমার তুলনা নেই ব্লাঙ্ক।
ব্লাঙ্ক, বিমানটা এ বার বাইরে নিয়ে এসো। ফের উড়তে হবে।
আনছি। তার আগে রিভলভারটা একবার দাও তো।
!
2-22
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



জানাডুতে রিক এয়ারের এক অফিসার...
নার্দাদের খবর কিছু জানেন অফিসার?
না ম্যানড্রেক। ওদের বিমানের কোনও খোঁজই নেই। সেটা সরকারিভাবে ঘোষণা করা হচ্ছে।
2·25
সন্ধান অভিযান শুরু করছি আমরা। খবরটা সর্বাগ্রে আপনাকেই জানালাম।
নিখোঁজ'! ২৯ বছর আগের ঘটনারই যেন পুনরাবৃত্তি! আশ্চর্য!
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেক একবার বলেছিল, স্কাই ব্যান্ড ছিল মেয়ে আকাশ-দস্যুদের একটা দুর্দ্ধর্ষ দল।
অরণ্যদেব এদের শায়েস্তা করেন, সে-ও অনেক বছর আগে।
কিন্তু শল্লা কে
ম্যানড্রেক বলে, শল্লাই ছিল ওই দলের নেত্রী। দেখতেও নাকি আমার মতো।
বুঝেছি, সে জন্যই ব্রাঙ্ক তোমাকে শল্লা বলে ঠাউরেছে। ভুলটা না ভাঙে। এখন রিভলভারটা ফেরত পেলে বাঁচি।
2-27
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


মে-দের নিখোঁজ বিমানের সন্ধান শুরু
সন্ধান চলছে
..সন্ধান সত্ত্বেও এখনও খোঁজ মেলেনি মে-নার্দার বিমানের। ২৯ বছর আগেও ...
2-29
অজানা সেই দ্বীপে নার্দারা...
ব্রাঙ্ক, গুলি ভরা শেষ হল তোমার?
?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


এটা একবিংশ শতাব্দী। ওরা কোথায়, তা জানার কোনও যন্ত্র লাগানো নেই ওদের বিমানে?
না লোথার। অত্যাধুনিক যন্ত্রাংশ লাগাতেই দেয়নি যে।
ও দিকে...
ব্রাঞ্চ! সাড়া দেয় না কেন?
!
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
ব্যাপারটা কী?


জানাডুতে লোথার ও ম্যানড্রেক...
রিফ এয়ার সংস্থা জানাল, মে-নার্দাদের ওই বিমানের কোনও খোঁজ নেই এখনও।
এমন তো হওয়ার কথা নয়। লোথার, সন্ধানে আমিই বেরিয়ে পড়ব ভাবছি।
উতলা হোয়ো না।
তখন অজানা সেই নির্জন দ্বীপে..
নার্দা, কী হল ওর?
ব্রাঞ্চ এমন নিথর হয়ে আছে কেন?
3·3
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


স্কাইব্যান্ড আবার অভিযানে নামবে, এ আশায় এতগুলো বছর ব্লাঙ্ক একাই কাটিয়েছে এখানে।
আমরা নামতে ও ধরে নিল, তুমিই ওদের নেত্রী শল্লা।
3-5
এত উত্তেজনা সহ্য করতে পারল না ও।
বিমানটা কোথায় যদি বলে যেত ব্লাঙ্ক।
নার্দা, এখান থেকে উদ্ধার হওয়ার কোনও আশা দেখছি না। চির-নির্বাসন আমাদের।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ব্লাঙ্ক বিমানটা সারিয়েসুরিয়ে রেখেছিল। কিন্তু কোথায় রেখেছে তা তো জানি না।
মাটির তলায় লুকোনো হ্যাঙ্গার। কিন্তু তার হদিশ জানি না।
নার্দা, বালিয়াড়ি আর পাম গাছ ছাড়া কিছুই তো নেই।
3-6
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


একটু জল না পেলে বাঁচব না।
এ জায়গাটা রানওয়ের মতো। হ্যাঙ্গারটা এখানেই কোথাও আছে নির্ঘাৎ।
মানুষের গলা!
মহিলাকণ্ঠ মনে হচ্ছে!
3-7
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



নার্দা ! ওই দ্যাখো !
3-8
নির্ঘাৎ উদ্ধারকারী দল।
তোমরা কে ?
আমরা গরিব জেলে। মাছ ধরতে বেরিয়ে ঝড়ে দিশেহারা হয়ে পড়ি।
ভাসতে ভাসতে এই দ্বীপে পৌঁছেছি। ভেবেছিলাম জনহীন। তোমাদের দেখে বাঁচলাম।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


অজানা দ্বীপে হাজির নয়া আগন্তুক...
আমি বার্নো আর ও হল রাওল।
সমুদ্রে দু'দিন ভেসে বেড়িয়েছি। একটু জল হবে?
অল্পই আছে। গলাটা ভিজিয়ে নাও বরং।
ওতেই হবে। গলা শুকিয়ে কাঠ।
3-10
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


তোমরা এখানে এসে পড়লে কী ভাবে?
ঝড়ের জন্য বিমান এই দ্বীপে নামাতে বাধ্য হই আমরা।
এতক্ষণে আমাদের জন্য খোঁজাখুঁজি শুরু হয়ে গিয়েছে।
তাই নাকি! খুব!
নার্দা, এরা কে? ভাবগতিক সুবিধের নয় কিন্তু।
!
3-11
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ঝড়ে পড়েছিল তোমাদের বিমান। তা সেটা কোথায়?
3-12
তার উপরেই তুমি দাঁড়িয়ে।
রসিকতা করছ সুন্দরী?
দাঁড়াও রাওল। ও কী বলে শুনে নাও।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


এই দ্বীপটা আদতে স্কাইব্যান্ড-এর গুপ্ত ঘাঁটি।
স্কাইব্যান্ড? তার নামই শুনিনি।
মহিলা আকাশ-দস্যুদের দল। ওই দলের সবাই মেয়ে।
3-13
শুনেছি, এখানে বালির নিচে ওই দলের গুপ্ত একটা হ্যাঙ্গার আছে। আমাদের বিমানটা সেখানে। কিন্তু তার খোঁজ কী করে পাব জানি না।
খুঁজতে সাহায্য করবে?
সানন্দে।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


হ্যাঙ্গারে ঢোকার নিশ্চয়ই গোপন কৌশল কিছু একটা আছে।
আচ্ছা, এমন নির্জনে তোমরা দু'টি মেয়ে। ভয় করছে না তোমাদের?
এটা থাকতে ভয় কিসের?
ওস্তাদি না করে ওই গোপন পথটা খুঁজে বার করো।
King Features Syndicate, Inc. World rights reserved.


এক এক জন, এক এক দিকে খোঁজা শুরু করি। হ্যাঙ্গারে গোপন প্রবেশপথের হদিশ মিলবেই।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
ধুস। সবটাই পণ্ডশ্রম।
যে, আমি একটা জিনিস দেখতে পেয়েছি।
?
অতঃপর



অজানা দ্বীপে গুপ্ত হ্যাঙ্গারের সন্ধান...
মে, একটা জিনিস দেখতে পেয়েছি।
বুঝেছি, হ্যাঙ্গারে ঢোকার গুপ্ত দরজা বা সুড়ঙ্গ নিশ্চয়ই
না। তা নয়।
জলের ধারে ওটা কারও দেহ?
!
3-17
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


মেয়ে দুটো বোকা বানাচ্ছে না তো আমাদের?
গোপন দ্বার তো কিছু দেখছি না!
আরে, সে জন্যই তো 'গোপন'। ওরা গেল কোথায়?
নার্দা, দেহই মনে হচ্ছে। ভেসে পাড়ে এসে ঠেকেছে।
যে, কাছে গিয়ে দেখা যাক।
3-18
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ধুস, দেহ নয়। এ তো দু'টো জামা দেখছি।
!
3-19
যাদের জামা, তারা হয়তো ভেসে গিয়েছে।
আরে, জামায় 'পি' লেখা কেন?
জেলবন্দিদের জামায় এমন লেখা থাকে। 'প্রিজনার' অর্থাৎ কয়েদি।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


একটা বিশাল মাপের, অন্যটা ছোটখাটো।
এ তো দেখছি ঠিক রাওল ও বার্নোর গায়ের মাপে!
3·20
King Features Syndicate, Inc.
World rights reserved.
সে, ওরা তবে আদৌ জেলে নয়, কয়েদি।
নার্দা, তোমার পিছনেই!


সুন্দরী, তোমার রিভলবার এখন আমার কাছে।
বুঝে গিয়েছি, তোমরা আসলে জেল থেকে পালানো কয়েদি।
3-21
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
ঠিক ধরেছ। একজন খুনি, অন্যজন চোর।
তোমার মুখটা খুনির মতোই।
হতে পারে। কিন্তু আমি চোর আর বার্নো হল খুনি, বুঝলে।


একটা দ্বীপের জেল থেকে পালিয়েছি। ওরা খুঁজছে আমাদের।
খুন না করেও খুনের দায়ে জেলে খেটেছি আমি।
তোমরা চাইছ, কেউ তোমাদের খোঁজে আসুক। আমরা তা চাইছি না। আমাদের কেউ দেখে ফেললে বিপদ।
!
3-22
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর কী?


অজানা দ্বীপে দুই জেল পলাতক কয়েদির মুখোমুখি মে ও নার্দা...
বিমান দেখলে সে দিকে ঘেঁষবেই না তোমরা।
3-24
বাঃ। ওরা তো আসবে আমাদের উদ্ধারে।
ও সব ভুলে যাও।
ওরা এলে আমাদের পাকড়ে ফের জেলে পাঠাবে। সেটি হচ্ছে না।
আর মনে রেখো, চালাকি করতে গেলেই গুলি খাবে।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


গুপ্ত হ্যাঙ্গারের খোঁজে বেরিয়ে আমরা একটা মৃতদেহ দেখেছি।
বেশ বয়স্ক এক মহিলার।
সেটা ব্রাণ্ডের, স্কাইব্যান্ডের শেষ প্রতিনিধি।
আমাদের বিমানটা গোপন আস্তানা থেকে বার করার আগেই হঠাৎ মারা গেল বুড়ি।
রাওল, মেয়েটা মিথ্যা বলছে না বোধহয়।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


বিমানটা বার করতে পারলে তোমরাও উড়ে যেতে পারতে।
ধুস, গুপ্ত দরজাটাই খুঁজে পেলাম না। বিমান তো দূরের কথা। যত্ত সব ইয়ে!
হতাশ হলে চলবে? খুঁজে যেতেই হবে।
?
3-26
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


আমার সন্দেহ, এটা নকল গাছ।
যাচাই করি।
আরে তাই তো! ভেতরটা দেখছি ফাঁপা।
ট্যাপ ট্যাপ
বুঝলে, এটাই হ্যাঙ্গারে ঢোকার গুপ্ত পথ।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


এই নকল গাছেই নির্ঘাত কোনও সংকেত আছে।
3-29
এই চাকা চাকা দাগটা আসলে বোতাম।
টেপো।
আরে খুলছে! ওই তো গোপন ঘর। বিমানটা ওখানেই আছে।
নচে আরও কত বিস্ময় আছে কে জানে?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর



পশ্চিম উপকূলের বিমানবন্দর নার্দাদের বিমানের অপেক্ষায়...
না লোথার, ওদের বিমানের পাত্তাই নেই।
ম্যানড্রেক টেলিপ্যাথি করে খোঁজের চেষ্টা করেছে কি?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
ম্যানড্রেকের ধারণা, সাগরের বুকে ছোট্ট কোনও দ্বীপে নেমেছে ওরা।
ওই অঞ্চলে অসংখ্য ছোট ছোট দ্বীপ। খোঁজ নিতেই এক মাস লাগবে। ওরা যে কোথায়?


ওদিকে অজানা সেই দ্বীপে...
এই নকল গাছটাই তবে গোপন হ্যাঙ্গারে ঢোকার প্রবেশদ্বার !
বিমানে আমাদেরও নিতে হবে কিন্তু।
রাওল, তোমার হাতে বন্দুক। তুমিই প্রথমে ঢোকো।
বেশ, তোমরা পিছনে পিছনে এসো।
4-1
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


নীচে আলো জ্বলছে দেখছি।
আরে যে, আমাদের...
বিমানটা!
যাক, হারানিধির খোঁজ মিলল।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


নার্দা, কীসের আওয়াজ?
ঘ-র-র-র-র-
জেনারেটরের। এটা থেকেই আলোর ব্যবস্থা...
র-র-র-র
রাওল, বার্নো, বিমানটা তোলার জন্য সুইচ আছে নির্ঘাত। সেটা খোঁজো।
একটার পর একটা কাজ দিচ্ছ। আমাদের চাকর পেয়েছ নাকি!
রাওল, মাথা গরম করে লাভ আছে কিছু?
?
4-3
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


বলছ, বিমানটা এই গুপ্তঘর থেকে উপরে তুলতে হবে। ওটাই দ্বীপ ছাড়ার উপায়।
এ বার বলো, দু'আসনের বিমানে চারজন যাবে কী করে?
গাধা পেয়েছ আমাদের?
শান্ত হও রাওল।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


বার্নো, তুমি বা রাওল বিমান চালাতে জানো?
না।
আমিও জানি না। সে ক্ষেত্রে নার্দা আগে তোমাদের কোথাও নামিয়ে এখানে ফিরে আমাকে নিয়ে যাবে।
তবে যেখানেই নামতে চাও, মনে রেখো সেখানে থানা-পুলিশ আছে। কী করবে ভেবে নাও।
!
!
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


মে-নার্দার বিমান এখনও নিখোঁজ
দুই মহিলা বিমানযাত্রীর কোনও সন্ধান এখনও পাওয়া যায়নি। তবে সন্ধানকার্য অব্যাহত...
ম্যানড্রেকও কিছু বলতে পারছেন না এ ব্যাপারে...
4-7
ওদিকে...
আমাদের এখান থেকে উড়িয়ে নিয়ে যেতে হবে, কথা দাও।
আর চালাকি নয়।
চালাকি! খামোকা দোষ দিচ্ছ আমাদের।
আবার বলছি, মিষ্টি কথায় আমাকে ভোলাতে পারবে না।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


উপরের বড় ঢাকনাটা খুলতেই হবে। সুইচটা খোঁজো।
4-8
সে, ওদের ভুলিয়েভালিয়ে কার্যোদ্ধার করতেই হবে।
আমার তো মনে হয়, সেটা আমরা পারব। শুধু সুযোগের অপেক্ষা।
মাদাম...ইয়ে একটা কথা ছিল।
King Features Syndicate, Inc. World rights reserved.


মিনতি করছি মাদাম, রাওলকে আর রাগিও না।
ও ভয়ানক লোক। পাক্কা খুনি একটা।
সেটা ওর ব্যবহারেই ফুটে ওঠে, বার্নো।
আমি কিন্তু বিনা দোষে কয়েদি। দেশে ফিরে সেটা প্রমাণ করতে চাই।
আবার বলি, ওই খুনিটাকে খামোকা চটিয়ে দিও না; দোহাই।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
4-9


নার্দা, এখানে প্রচুর খাবার আর পানীয় জল রাখা আছে দেখছি।
সুসংবাদ। তবে বিমানটা তোলার জন্য র‍্যাম্পের সুইচটার খোঁজ চাই-ই।
4-10
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
সুইচটা পেয়েছি মনে হচ্ছে।
যাঃ বাবা! আলো নিভে গেল কেন?
?


বিজলি চলে গেল ?
কিচ্ছু দেখতে পাচ্ছি না !
আবার ফিরে এসেছে !
ঝটপট ফিরে এল তো !
4-11
মেন জেনারেটর অফ্ হয়ে গেলে ঠেকনা দেওয়ার বিকল্প ব্যবস্থাও আছে দেখছি।
তবে এটা অল্প শক্তির।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ডিজেলের এই ড্রামগুলো সবই খালি।
কত বছর এগুলো দিয়ে কাজ চালিয়েছে ব্রাঞ্চ, আর থাকে!
4-12
ছোট জেনারেটরটা ঠেকনা দিচ্ছে, তবে বেশিক্ষণ চলবে না।
তার আগেই বিমানটা বার করার ব্যবস্থা করতে হবে।
সুইচ দিলাম, কিন্তু উপরের ঢাকনাটা নড়ছে না।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


নির্জন দ্বীপে বেরোনোর উপায় খুঁজছে নার্দারা...
সুইচ টিপলাম। কিন্তু উপরের ঢাকনাটা উঠছে না কিছুতেই।
!
আবার টেপো।
নাঃ হল না।
আসলে এই কমজোরি জেনারেটরের শক্তি নেই ওটা ঠেলে সরানোর। অন্য উপায় তবে কী?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


জেনারেটর বিগড়োলে ঢাকনাটা সরানোর বিকল্প কোনও উপায় নিশ্চয়ই রেখেছে 'স্কাইব্যান্ড'। সেটাই দেখতে হবে।
ধুস! কেবলই 'দেখতে হবে, খুঁজতে হবে' করেই যাচ্ছি আমরা।
বিকল্প ব্যবস্থাটা কী, কিছু আঁচ পেলে মাদাম?
না বার্নো। তবে সেটা কী, জলদি খুঁজে বের করতে হবে।
4-15
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


যেটা খুঁজছি, এই হাতলটা কি সেটা হতে পারে?
ওটা ঘুরিয়ে দ্যাখো তো বার্নো।
মে, তুমি বিমানে ঘাপটি মেরে থাকো। ঢাকনাটা উঠলেই আমি ছুটে গিয়ে স্টার্ট দেব।
কিন্তু রাওলের হাতে তো তোমার রিভলবার!
উপায় নেই। ঝুঁকি নিতেই হবে, মে।
4-16
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ঘোরানোর চেষ্টা করছি, কিন্তু এত শক্ত, পারছি না।
রাওল, তুমি হাত লাগাও।
তোমার আদেশ দেওয়াটা বন্ধ করো তো। কী করতে হবে আমি জানি।
4-17
জানো তো বসে আছ কেন? শরীরের তাগদটা একটু কাজে লাগাও।
দোহাই, রাওলকে চটিও না।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



হাঁইও! বাপ্ রে! মরচে ধরে একেবারে কষে গিয়েছে।
রাওল, হাল ছেড়ো না।
হঠাৎই আলো কমতে কমতে অন্ধকার...
ধাঃ! এই জেনারেটরটাও বসে গেল।
ঘুটঘুটে অন্ধকার। উপরের ঢাকনাটা তোলা গেলে তবে বেরোতে পারব আমরা।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


চাকা ঘুরিয়ে উপরের ঢাকনাটা সামান্যই ফাঁক করতে পারল রাওল...
ধুর! আটকে যাচ্ছে।
জং ধরেছে তাই। উল্টোদিকে ঘোরাও।
এই তো ঘুরছে। এ বার সামনে ... আরও জোরে ঘোরাও...জোরে।
4-21
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ও দিকে ম্যানড্রেক তখন অন্য ধরনের কাজে ব্যস্ত...
আজ 'বসুন্ধরা দিবস' পালন করছি সবাই...
এই পৃথিবীকে সবুজ আর সুন্দর রাখতে জাদু কাজে লাগাব ? কিন্তু প্রতিদিন...
যদি একে দূষণমুক্ত রাখার চেষ্টা করি সেটাই অনেক বড় জাদু হবে।
4-22
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


হয়েছে। ঢাকনাটা উপরে উঠছে !
!
ঘুরিয়ে যাও, আরও উঠবে।
4-23
পেরেছে ও।
একটা বড় কাজ মিটল। কিন্তু বিমানটাকে এ বার উপরে তুলব কী করে ?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


এটা কোলাপ্‌সব্‌ল র‍্যাম্প... চাকার উপরে ... দেওয়ালের গায়ে ঠেকানো।
!!
বিকল্প ব্যবস্থা আছে দেখছি সর্বত্রই।
সাবাশ রাওল। লোকটা তুমি খুব খারাপ নও।
কেমন লোক তা যদি জানতে।
4-25
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


চালু র‍্যাম্পটা উপরে উঠে গিয়েছে। এটা ধরেই...
বিমানটা উঠে যাবে। ইঞ্জিনটা চালু করি এ বার।
দাঁড়াও। তোমার সঙ্গী সেই মেয়েটা কোথায় গেল?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserve
অতঃপর



নার্দারা বিমান নিয়ে পালানোর মতলবে। কিন্তু রাওল কিছু আঁচ করেছে...
দাঁড়াও তো!
তোমার সেই সঙ্গী কোথায়?
এখানে গরম লাগছিল বোধ হয়। হাওয়া খেতে বাইরে কোথাও ঘুরছে নির্ঘাত।
গেলে তো আমাদের সামনে দিয়েই যাবে ও। কিন্তু দেখলাম না তো?
4-28
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


যাবে আর কোথায়? রাওল, বিমানটা ততক্ষণ তুলে ফেলি বরং।
না। আগে মেয়েটাকে খুঁজে বের করতে হবে। ওদের মতলব ভাল নয়।
মেয়েটা লুকিয়ে আছে। আর কোথায়, তা তুমি ভালই জানো।
!
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
4-29


একটা জায়গাই আছে যেখানে সে লুকোতে পারে...
ওই বিমানে।
চলো রাওল, গিয়ে দেখি।
খুকি, বেরিয়ে এসো। নইলে ককপিটের ভিতরে গুলি চালাব।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved
4-30


রাওল ওকে মারলে এ দ্বীপ থেকে আর বেরোনো যাবে না।
চুপ করো ভার্নো।
তুমিই জিতলে রাওল।
5-1
একজন বিমানেই লুকিয়ে ছিল। অন্যজন ঝট করে বিমানটা চালিয়ে দিয়ে সটকাত আমাদের ফেলে রেখেই।
সেটি আমি হতে দিচ্ছি না, বুঝলে সুন্দরী।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


আমাদের দু' জনকে ফেলে ওরা চলে যাচ্ছিল?
হুঁ। ছকটা শুধু একটু বদলাবে...
?
যাব কেবল সুন্দরী ও আমি...
তুমি আর ওই মেয়েটা এখানেই থাকবে, বুঝলে হাঁদু।
5-2
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


মাদাম, আমাকে ফেলে যেও না দোহাই।
রাওল, যেখানে বলবে তোমায় নামিয়ে আবার এখানে ফিরব ওদের তুলতে।
সুন্দরী, তোমাকে আর এই দ্বীপে ফিরতে হবে না।
আমি কী বলছি, বুঝেছ?
!
!
5·3
©2008 by King Features Syndicate, Inc. World rights
অতঃপর



অজানা দ্বীপে চলছে জোর নাটক...
নতুন খেলা, নতুন আইন।
5-5
সুন্দরী, বিমানে উড়ে যাব শুধু তুমি আর আমি।
সে আর ভার্নোকে এই নির্জন দ্বীপে ফেলে! কক্ষনো না।
কিন্তু ওই জেলের লোকজন কোনও ভাবে এখানে হাজির হলে ওরা তো সব ফাঁস করে দেবে। তখন?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


রাওল, গুলি চালিও না, দোহাই।
কী করব আমি, সেটা শুধু আমার ব্যাপার।
বললেই হল? বিমান চালাবই না আমি।
বকবক কোরো না সুন্দরী। যাচ্ছি তুমি আর আমি। এটাই শেষ কথা। বুঝেছ?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


নার্দা, আমাদের কথা ভুলে নিজেকে বাঁচাও।
বিদায় পর্বটা বেজায় দীর্ঘ হয়ে যাচ্ছে। পর্বটা শেষ করে দিই এ বার।
মে, তুমি আমার পিছনে থাকো।
নাটক অনেক হল। এ বার..
না রাওল। এটা আটকাতেই হবে।
নার্দা বাঁচাতে পারবে ওদের?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserv...


পালানোর চেষ্টা করে লাভ নেই। আমার গুলি ফস্কায় না।
!
ঝামেলাটা চুকিয়ে দিই।
আচম্বিতে ক্যারাটে ওস্তাদ নার্দার লাথিতে ছিটকে গেল রিভলভারটা...
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
5-8


ওঃ! দারুণ দিয়েছ ম্যাডাম। রাওল অস্ত্রহীন।
কিন্তু সেটা কোথায়?
রিভলভারটা হাতাতে ঝাঁপ দিল দু'জনেই...
5-9
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
THARGRAMDEVIL



এক মহূর্তের জন্য নার্দা পেল না অস্ত্রটা...
!
হাত বাড়িও না তুমি।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
ভার্নো, আমার কিছু করার নেই। এ বার মরো।
5-10
গুড়ুম
গুড়ুম
অতঃপর


ভূগর্ভে গুপ্ত হ্যাঙ্গারে নাটক...ট্রিগার চাপছে রাওল...
দু'টো গুলির শব্দ। রাওলের অস্ত্র ছিটকে গেল...
গুড়ুম
গুড়ুম
নীচে কেউ নড়বে না।
নড়লেই গুলি করব।
?
?!
5-12
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ব্যাপারটা কী হল?
গুলি তো লাগল না!
আমাদের গুলির লক্ষ্য ছিল রাওল।
একটা ফস্কালেও অন্যটায় ওর অস্ত্র ফেলে দিতে পেরেছি।
কিন্তু তোমরা কে?
5·13
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


মাদাম, ওদের পরিচয় আমিই দিচ্ছি। কারণ ওদের আমি ভাল মতো চিনি।
5·14
ওরা হল দ্বীপ-কারাগারের রক্ষী।
এই দুই জেল পলাতকের সন্ধানে সব ক'টা দ্বীপে তল্লাশি চালিয়েছি। শেষে..
এই নির্জন দ্বীপে এদের দেখা মিলল।
ওঃ! একেবারে ঠিক সময়ে হাজির।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


তোমরা তো মে আর নার্দা। বিমান নিয়ে নিরুদ্দেশ। কী কাণ্ড!
হ্যাঁ, বেতার সংযোগ বিচ্ছিন্ন হয়ে এ দ্বীপে নেমে পড়ি।
জানতাম না একটা মহিলা আকাশদস্যু স্কাইব্যান্ডের গুপ্ত ঘাঁটি।
হ্যাঁ, স্কাইব্যান্ডের কথা শুনেছি বটে।
আমরা আবার উড়তে পাব কখন?
5-15
JHARGRAMDEVIL
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


তাই তো! গুলিই নেই রিভলবারে।
বুঝেছি, ওতে গুলি ভরার আগেই মরে যায় বুড়ি ব্লাঞ্চ।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
?
আমরা ফিরব এবার। নৌকোয় ওঠার আগে একটা
?
কী কথা?


জেলরক্ষীরা বন্দি-সহ ফেরার জন্য তৈরি...
একটা কথা বলার আছে...
ভার্নো!
5-19
আমি রাওলের পাল্লায় পড়ে এ কাজ করেছি। জানি, আবার ওই জেলেই ঢুকতে হবে।
না। ওই কারাগারে ফেরত নিয়ে যাব শুধু জেল-পলাতক রাওলকেই।
তোমাকে আর যেতে হবে না।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


খুনের দায়ে তোমার জেল হয় ভার্নো। কিন্তু তুমি পালানোর পর খবর আসে, প্রকৃত অপরাধী ধরা পড়েছে। অর্থাৎ তুমি নির্দোষ।
5-20
কোর্ট তোমায় মুক্তি দিয়েছে। এই সেই কাগজ।
এই বিশ্বে তুমি এখন মুক্ত পুরুষ।
!
অভিনন্দন ভার্নো।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


আমরা চললাম। তোমাদের অবশিষ্ট আকাশ সফর শান্তিতে কাটুক, কামনা করি।
রাওল, চলো। বোট আছে ওইদিকে।
ওঃ। এই করো, ওই করো শুনতে শুনতেই জীবন গেল।
তুমি এখন মুক্ত ভার্নো। তবু মুষড়ে আছ কেন?
কী হয়েছে তোমার?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


বিনা দোষে জেল খেটেছি। কোর্ট বললেও লোকে কি এতদিন পরে মানবে আমি নিরপরাধ?
5-22
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
জেলের তকমা আমার গায়ে। কে চাকরি দেবে আমাকে? বাঁচব কী উপায়ে?
JHARGRAMDEVIL
না ভার্নো। বাঁচার উপায় আছে।


ভার্নো, তুমি রিফ এয়ারলাইনসের নাম শুনেছ?
হ্যাঁ মাদাম। সে তো বিরাট কোম্পানি।
সে তার মালিক।
তুমি আমার কোম্পানিতে কাজ করবে। যতদিন তোমার খুশি।
আমার মতো লোককে চাকরি দেবেন! কেন?
তুমি সাচ্চা মানুষ বলে। আমাকে আড়াল করে তুমি রাওলের রিভলভারের সামনে বুক পেতে দিয়েছিলে, ভুলিনি আমি।
তুমি বীর শুধু নয়, সাচ্চা মানুষ।
5-23
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


আমরা এগোচ্ছি ভার্নো। রিফ এয়ারের কপ্টার আসছে তোমায় তুলে নিয়ে যেতে।
তোমাদের যাত্রা নির্বিঘ্ন হোক। তোমাদের দয়া সারা জীবনেও ভুলব না।
মেঘমুক্ত নীল আকাশ। বাকি সফরটা আশা করি ঝামেলাহীন হবে।
5-24
সামনে কিন্তু আরও ঝামেলা...
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


নার্দা ও মে আবার বিমান নিয়ে আকাশে। ২৯ বছর আগে মে-র মায়ের অসমাপ্ত সফর সাঙ্গ করার সংকল্প নিয়ে...
5-26
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
রিফ এয়ার, শুনতে পাচ্ছ? ইয়েলো বার্ড টু থেকে বলছি, আমি নার্দা...
আমরা ভাল আছি। খোঁজাখুঁজি বন্ধ করো।
নার্দা ও মে!
ওরা বেঁচে আছে!


মে-নার্দার খোঁজ
দুজনেই সুস্থ আছে
ধরে নেওয়া হয়েছিল দুজনেই নিরুদ্দিষ্ট, তা নয়.
দুর্যোগে ওরা নামে নির্জন দ্বীপে। জেল পলাতকদের কবলে পড়ে...
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
এখন বিপন্মুক্ত। শীঘ্রই ফিরে আসছে দুজন।
বলেছিলাম না, ওরা ঠিক আছে।
তখন বিশ্বের অন্য প্রান্তে এক অরণ্যে...
ওদের সামনে আবার এক বিপদ ঘনাচ্ছে...
?



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



জেলরক্ষীরা রাওলকে লক্ষ করে দুটো গুলি ছুড়েছিল। একটা হাতের রিভলভারটা ফেলে দেয়...
5-30
অন্যটা কস্কায়। সেটা নির্ঘাৎ তেলের ট্যাঙ্কারে বেঁধে। তার থেকেই লিক
তেল সমানে পড়ে যাচ্ছে।
সব থেকে কাছের বিমানবন্দরে পৌঁছতে পারব?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


মাঝ আকাশে আবার বিভ্রাট বিমানে...
নার্দা হেসো না, একটা অদ্ভুত অনুভূতি হচ্ছে আমার।
মা যেন সঙ্গে আছেন আমাদের। বলছেন, না থেমে এগিয়ে যেতে।
কী আশ্চর্য ! মে, আমারও একই অনুভূতি হচ্ছে। উনি যেন বলছেন, ২৯ বছর আগের অসমাপ্ত যাত্রা সম্পূর্ণ করতে।
6-2
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


বেসরকারি বিমানের পাইলট স্বাগত জানাতে চায় নাকি?
কিন্তু প্রত্যুত্তর দেওয়ার সময় নেই এখন।
মিটার দেখাচ্ছে, জ্বালানি প্রায় শেষ।
আগে বিমানবন্দরকে জানাই আমাদের অবস্থাটা। অবিলম্বে নামতে হবে।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


কন্ট্রোল টাওয়ার...ইয়েলো বার্ড টু থেকে বলছি।
আমাদের জ্বালানি প্রায় শেষ। অবিলম্বে রানওয়েতে নামতে হবে।
না। এখানে বিমান নামিও না।
6-5
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ছোট বিমান নামাওঠার জন্য পুরনো একটা বিমান ক্ষেত্র আছে। তোমরা তো বে ব্রিজের মাথায়...ওরই কাছে।
২৯ বছর আগে এই ছোট বিমানক্ষেত্রেই মায়ের নামার কথা ছিল।
খটাং খটাং
তেলের যা অবস্থা, ভালয় ভালয় নামতে পারব কিনা জানি না।
6-6
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


যে, এ যাত্রা বেঁচে গেলাম।
অবশেষে মাটিতে।
ওই দ্যাখো, কারা দাঁড়িয়ে!
6-10
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


সাবাশ নার্দা।
ম্যানড্রেক, নার্দার তুলা হয় না।
তোমরা এখানে এত তাড়াতাড়ি এসে গেলে কী করে?
ধরে নাও এটাও জাদু।
চেয়েছিলাম, প্রথম অভিনন্দন আমরাই জানাব।
সাংবাদিকরা বড় বিমানবন্দরে অপেক্ষা করে আছে। ওরা এখানে আসার আগেই কেটে পড়ি, চলো।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



আকাশ সফরের গল্পটা বলো এ বার।
তেমন কিছু না।
ছোটখাটো দু'-একটা ঘটনা।
ম্যানড্রেকও প্রতিবার বেঁচে এসে এ ভাবেই বলে, 'তেমন কিছু না'।
©2008 by King Features. World rights reserved.
আজ ডিনারের সময় বরং সে গল্পটা শোনাবে।
যাওয়া যাক।
6-12


হ্যাঁ, কিছু বিভ্রাট ঘটেছিল। সে তো যে-কোনও বড় সফরেই ঘটতে পারে। তবে তা কাটিয়ে উঠতে পেরেছি দুজনে।
লোকে আমায় বোকা বলতে পারে। কিন্তু আমার প্রতিজ্ঞা ছিল, ২৯ বছর আগে মায়ের অসমাপ্ত সফর আমি সম্পূর্ণ করবই।
নার্দার সহায়তায় সে প্রতিজ্ঞা পালন করতে পেরেছি। মা যে লোকেই থাক, জানি সুখী হবে।
নার্দা, তোমায় কী বলে ধন্যবাদ দেব, জানি না।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


হ্যাঁ, কিছু বিভ্রাট ঘটেছিল। সে তো যে-কোনও বড় সফরেই ঘটতে পারে। তবে তা কাটিয়ে উঠতে পেরেছি দুজনে।
লোকে আমায় বোকা বলতে পারে। কিন্তু আমার প্রতিজ্ঞা ছিল, ২৯ বছর আগে মায়ের অসমাপ্ত সফর আমি সম্পূর্ণ করবই।
নার্দার সহায়তায় সে প্রতিজ্ঞা পালন করতে পেরেছি। মা যে লোকেই থাক, জানি সুখী হবে।
নার্দা, তোমায় কী বলে ধন্যবাদ দেব, জানি না।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ইওরোপ ও এশিয়া সীমান্তের এক স্থানে তখন...
সম্প্রতি সংবাদ মাধ্যমে মহিলা আকাশদস্যু স্কাইব্যান্ড নেত্রী শল্লার নামটা আবার উঠে এসে চাঞ্চল্যের সৃষ্টি করেছে।
শল্লা ছাড়া বাকি সকলেই ধরা পড়েছিল। নার্দা নাকি শল্লার মতো দেখতে অনেকটা।
ইন্টারপোলও জানে না, শল্লা এখন কোথায়। জীবিত না মৃত?
আপনারাও জানতে চান?
এরপর নতুন গল্প
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.